MAR. 24 2002

দৈনিক জনকণ্ঠ

# মাদ্রাসায় পঞ্চম শ্রেণী পর্যন্ত ছাত্রছাত্রীদের বিনামূল্যে বই সরবরাহের সিদ্ধান্ত

স্টাফ রিপোর্টার ॥ মাদ্রাসা শিক্ষায় প্রাথমিকের মতো বিনামূল্যে বই সরবরাহের জন্য দাতা খোঁজা হচ্ছে। মাদ্রাসায় পড়ুয়াদের সরকার বিনামূল্যে পাঠ্যপুস্তক সরবরাহের নীতিগত সিদ্ধান্ত নিলেও অর্থের সংস্থান হয়নি। দেশের এবতেদায়ী স্তরে প্রথম থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত দশ লাখ ছাত্রছাত্রীকে বিনামূল্যে বই সরবরাহ করতে প্রয়োজন প্রায় ২৩ কোটি টাকা।

প্রথম শ্রেণী থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত মাদ্রাসার বই এতদিন মূল্যে বিক্রি হতো। বর্তমান জোট সরকার ক্ষমতায় আসার পর প্রাথমিকের মতো এবতেদায়ীর বই বিনামূল্যে সরবরাহের নীতিগত সিদ্ধান্ত নিয়েছে। সরকারী এক হিসাবে দেখা গেছে, দেশের দশ লাখ মাদ্রাসার শিক্ষার্থীকে বিনামূল্যে বই দিতে প্রায় ২৩ কোটি টাকা প্রয়োজন। সরকারের ফান্ড থেকে এই বিপুল অর্থ ব্যয় করা সম্ভব নয়। প্রাথমিকের বই বিনামূল্যে সরবরাহের ক্ষেত্রে বিশ্বব্যাংক, ইউনিসেফ এবং নোরাড আর্থিক সহায়তা দেয়। মাদ্রাসা শিক্ষার বিকাশে এসব দাতা সংস্থার এগিয়ে আসার কোন সম্ভাবনা নেই। এই পরিপ্রেক্ষিতে দেশী ও আন্তর্জাতিক ইসলামী বেসরকারী সংস্থা এবং ইসলামী দেশের মাধ্যমে আর্থিক অনুদান পাবার চেষ্টা চলছে।

শিক্ষা প্রতিমন্ত্রী এহছানুল হক মিলন বলেছেন, সরকারীভাবে বিনামূল্যে মাদ্রাসায় প্রথম থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত বই দেবার চেষ্টা করা হচ্ছে। যেহেতু প্রাথমিকের বই বিনামূল্যে দেয়া হয়, সেহেতু ওদেরও দেয়া যেতে পারে। তা ছাড়া মাদ্রাসায় দরিদ্র ও মধ্যবিত্ত পরিবারের সন্তান পড়াশোনা করে। তবে বিষয়টি এখনও চূড়ান্ত হয়নি বলে তিনি জানান। জানা যায়, বিনামূল্যে মাদ্রাসায় বই দেয়া হবে পাঠ্যপুস্তক বোর্ডের তত্ত্বাবধানে। এতদিন মাদ্রাসা বোর্ডই মূল্যের বিনিময়ে বই প্রকাশে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করত। পাঠ্যপুস্তক বোর্ড এই দায়িত্ব পালন করলে রয়্যালিটি দুই বোর্ডের মধ্যে ফিফটি ফিফটি ভাগাভাগি করা হবে।